

২০২৪

বাংলা

(মেজর)

(NEP পাঠ্যক্রম অনুসারী)

প্রথম সেমিস্টার

কোর্স কোড : BENG-CC-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথম ভাগ)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) কে, কোথা থেকে চর্যার পুঁথি উদ্ধার করেন?
- খ) 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধ গান ও 'দোহা'— এই গ্রন্থে যে পুঁথিগুলি অন্তর্ভুক্ত হয়েছে তার মধ্যে 'চর্যাচয়-বিনশ্চয়' ব্যতিরেকে অন্যদুটির নাম লেখো।
- গ) মধ্যযুগে বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন গ্রন্থ কী? গ্রন্থটির রচয়িতার নাম লেখো।
- ঘ) 'এ বঙ্গের অলঙ্কার' এক কবি অপর এক কবি সম্পর্কে একথা লিখেছেন।— কে কার সম্পর্কে বলেছেন?
- ঙ) চণ্ডীদাসের 'ভাবশিষ্য' কে? দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয়?
- চ) বাংলা ভাষায় চৈতন্যজীবনী গ্রন্থগুলির মধ্যে আদি গ্রন্থ কোনটি? রচনাকারের নাম লেখো।

[পরের পাতায়]

- ছ) চৈতন্য পরবর্তী মঙ্গলকাব্য ধারায় মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির নাম লেখো।
- জ) ধর্মমঙ্গল কাব্যে যে দুটি কাহিনি দেখা যায় তাদের নাম উল্লেখ করো।
- ঝ) লোরচন্দ্রানী কাব্যের প্রথম অংশ ও শেষ অংশের কবিদের নাম উল্লেখ করো।
- ঞ) কবি কমলাকান্তের জন্মস্থান কোথায়? তাঁর ভনীতায় কতগুলি পদ পাওয়া গেছে?
- ট) শাক্তপদাবলী ব্যতিরেকে রামপ্রসাদ সেনের অপর দুটি কাব্যের নাম লেখো।
- ঠ) 'ভাষা' কাকে বলে?
- ড) নব্য ভারতীয় আর্থভাষার বিস্তৃতিকাল লেখো। দুটি নব্যভারতীয় ভাষার উদাহরণ দাও।
- ঢ) বাংলা দন্ত্যধ্বনি ও মূর্ধন্যধ্বনির দুটি করে উদাহরণ দাও।
- ণ) কোন্ লিপি থেকে বাংলা লিপির উদ্ভব? আনুমানিক কোন্ শতাব্দীতে বাংলা বর্ণমালা নিজস্ব রূপ ধারণ করেছিল?

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) বাংলা সাহিত্যে আদি যুগের নিদর্শন চর্যাপদে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র নিজের ভাষায় সংক্ষেপে লেখো।
- খ) যে-কোনো দুটি গ্রন্থ সম্পর্কে টীকা লেখো:
- ১) লোরচন্দ্রানী
 - ২) শ্রীকৃষ্ণকীর্তন
 - ৩) শ্রীকৃষ্ণবিজয়
 - ৪) চৈতন্যভাগবত
- গ) রাধা চরিত্র অঙ্কনে বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।

- ঘ) ধর্মমঙ্গল কাব্যে ঘনরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।
- ঙ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সংক্ষেপে লেখো।
- চ) নিচের অনুচ্ছেদটি I. P. A-তে রূপান্তরিত করো:
- পরশুরামের কেন্দার চাটুজ্জৈ মশাই দূর থেকে বিস্তর মেমসাহেব দেখেছিলেন; আমিও দূর থেকে বিস্তর সিনেমা-স্টার, পলিটিশিয়ান আর ফুটবল খেলোয়াড় দেখেছি। দেখে ওঁদের প্রতি ভক্তি হয়েছে এবং গদ গদ হয়ে মনে মনে ওঁদের পেন্নাম জানিয়েছি।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) শাক্তপদাবলীতে বাঙালি সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- খ) বাংলা মঙ্গলকাব্যের ধারার শেষতম কবি রায়গুণাকর ভারতচন্দ্রের কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।
- গ) বৈষ্ণব পদ রচয়িতা গোবিন্দদাসের কবি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো।
- ঘ) মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।